

১০ হাজার টাকা জামানতের সিদ্ধান্ত স্থগিত
বাকুবির ২০০৯ শিক্ষাবর্ষের অনার্স
ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

বাকুবি প্রতিনিধি
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ২০০৯ শিক্ষাবর্ষের অনার্সের ভর্তি পরীক্ষার ফলাফল সোমবার যাতে প্রকাশ করা হয়েছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের বেশকিছু ছাত্র সংগঠনের আন্দোলন ও প্রতিবাদের পরিপ্রেক্ষিতে অবশেষে নবগত শিক্ষার্থীদের ভর্তিতে ১০ হাজার টাকা জামানত নেয়ার সিদ্ধান্ত স্থগিত করা হয়েছে। তবে ১০ ভর্তি বাতিসকারী শিক্ষার্থীদের কাছ থেকে ৫ হাজার টাকা

কতিপূরণ নেয়ার নতুন সিদ্ধান্ত গ্রহণ করেছে বাকুবি প্রোগ্রাম। বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কমিটি মূলে জানা যায়, ভর্তির অনার্সের ভর্তি পরীক্ষায় ৬টি অনুষদের বিপরীতে মোট ১৮৫০ জনের মেধা তালিকা এবং ১১৬৯৭ জনের অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হয়েছে। ভর্তি পরীক্ষার ফলাফলসহ সব ধরনের তথ্য www.bau.cdu.bd এ ওয়েবসাইটে পাওয়া যাবে। ২৬ জানুয়ারি সকাল ৯টা থেকে বেলা ২টার মধ্যে মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের অনুষদ নির্বাচন এবং ভর্তি ২৭ জানুয়ারি। আসন্ন খালি থাকা সাপেক্ষে নতুন অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে ২৮ জানুয়ারি। এই তালিকায় স্থানপ্রাপ্তদের অনুষদ নির্বাচন ২৯ জানুয়ারি এবং ভর্তি ১ ফেব্রুয়ারি। ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে ১ হাজার ৮২৫ টাকা। নতুন শিক্ষাবর্ষের রুপস তরু হবে ৯ ফেব্রুয়ারি। এদিকে বিশ্ববিদ্যালয়ের বেশকিছু ছাত্র সংগঠনের আন্দোলন ও প্রতিবাদের পরিপ্রেক্ষিতে নবগত শিক্ষার্থীদের ভর্তিতে ১০ হাজার টাকা জামানত নেয়ার সিদ্ধান্ত স্থগিত করেছে প্রোগ্রাম। এ বিষয়ে বাকুবির ছাত্র বিহয়ত উপদেষ্টা প্রফেসর ড. আবুল গায়ের, চৌধুরী জামান, শিক্ষার্থীদের আন্দোলন এবং পরিব, মেধাধী শিক্ষার্থীদের যাবে উপচার্য তার নিজস্ব ক্ষমতাবলে ১০ হাজার টাকা জামানত নেয়ার সিদ্ধান্ত স্থগিত করেছেন। তবে ভর্তি বাতিসকারী শিক্ষার্থীদের কাছ থেকে ৫ হাজার টাকা কতিপূরণ নেয়ার নতুন সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কতিপূরণের টাকা বিশ্ববিদ্যালয়ের, যাতে জমা থাকবে। সোমবার যাতে উপচার্যের কার্যালয়ে তার সভাপতিত্বে ভর্তি পরীক্ষা কমিটির এক সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়।